গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১৪.২০১৫-১৮২

তারিখ: ০৯ পৌষ ১৪৩২ / ২৪ ডিসেম্বর ২০২৫

## পরিপত্র

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে নির্বাচনি এলাকায় অনুদান প্রদান, নতুন প্রকল্প গ্রহণ এবং অর্থ অবমুক্তকরণ স্থগিত রাখা।**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের গত ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৩.২৫ (অংশ-৪)-৪২৭ নম্বর পত্র।

আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে বিধায় সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ এর বিধি ৪ (৪) অনুযায়ী নির্বাচনি এলাকায় অনুদান প্রদান, নতুন প্রকল্প গ্রহণ এবং অর্থ অবমুক্তকরণ স্থগিত রাখার বিষয়ে নিম্নরূপ নিষেধাজ্ঞা আরোপ করা হলোঃ-

২। নির্বাচন-পূর্ব সময়ে অর্থাৎ নির্বাচনি তফসিল ঘোষণার দিন হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান থেকে কোন সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তহবিল হতে কোন ব্যক্তি বা গোষ্ঠী বা প্রতিষ্ঠানের অনুকূলে কোন প্রকার অনুদান ঘোষণা বা বরাদ্দ প্রদান বা অর্থ অবমুক্ত করতে পারবেন না।

৩। নির্বাচনকে প্রভাবমুক্ত রাখার লক্ষ্যে নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় কোন প্রার্থী সিটি কর্পোরেশন/জেলা পরিষদ/পৌরসভা/উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদসহ অন্যান্য প্রতিষ্ঠানের কোন সম্পত্তি তথা অফিস, যানবাহন, মোবাইল, টেলিফোন, ওয়াকিটকি বা অন্য কোন সুযোগ সুবিধা (এমনকি মাশুল প্রদান করেও) নির্বাচনের কাজে ব্যবহার করতে পারবেন না।

৪। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা/কর্মচারী কোন অবস্থাতেই নির্বাচনের কোন প্রার্থীর পক্ষে নির্বাচনের কাজে অংশগ্রহণ করবেন না।

৫। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ এর বিধি ৪ (৩) অনুযায়ী কোন প্রার্থী কর্তৃক নির্বাচন-পূর্ব সময়ে কোন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রাজস্ব বা উন্নয়ন তহবিলভুক্ত কোন প্রকল্পের অনুমোদন, ঘোষণা বা ভিত্তিপ্রস্তর স্থাপন কিংবা ফলক উন্মোচন করা যাবে না এবং বর্ণিত নির্বাচনি কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় অনুদান/ত্রাণ বিতরণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা যাবে না। তবে ইতোপূর্বে অনুমোদিত কোন প্রকল্পে অর্থ অবমুক্ত নিতান্ত আবশ্যক হলে এ বিষয়ে নির্বাচন কমিশনের সম্মতি গ্রহণ সাপেক্ষে পদক্ষেপ গ্রহণ করা যাবে।

উল্লেখ্য, সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ এর উল্লিখিত বিধান লংঘন করলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উল্লিখিত আচরণ বিধিমালার বিধি ২৭ এ বর্ণিত শাস্তির আওতায় আসবে।

৬। পরিপত্রটি অবিলম্বে কার্যকর হবে।

২৪/১২/২০২৫

মো: আব্দুর রহমান
উপসচিব
ফোন: ০২৫৫১০০৪০৮
E-mail: councillgd@lgd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা;
২. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, সচিবালয় লিংক রোড, ঢাকা;
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল);
৪. ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা (সকল);
৫. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৬. জেলা প্রশাসক (সকল), ..................................জেলা;
৭. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা;
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল);
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ....................উপজেলা,.......................জেলা;
১০. প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা (সকল);
১১. প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), ....................উপজেলা,.......................জেলা;
১২. প্রশাসক/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ................ইউনিয়ন,....................উপজেলা,.......................জেলা।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়;
২. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা;
৩. অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৪. বিভাগীয় কমিশনার (সকল),...................................বিভাগ;
৫. মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা (মাননীয় প্রধান উপদেষ্টার সদয় অবগতির জন্য);
৬. যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৭. পরিচালক, স্থানীয় সরকার (সকল).............................বিভাগ;
৮. উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৯. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় [মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য];
১০. উপপরিচালক, স্থানীয় সরকার (সকল),.........................জেলা;
১১. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
১৩. অফিস কপি।